



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ৭, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রজ্ঞাপন

তারিখঃ ০৬ মার্চ, ২০১৭ খ্রি.

নং ০৯.০০.০০০০.২০৩.১৪.০০১.১৬-৩৭—প্রকল্প বাস্তবায়নে গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন পর্যায়ে কাঠামোগত এবং পদ্ধতিগত পরিবর্তন সংক্রান্ত 'প্রকল্পের প্রস্তুতিমূলক কাজের অর্থ বরাদ্দ ও ব্যবস্থাপনা নীতিমালা' এবং 'প্রকল্পের প্রস্তুতিমূলক কাজের চেকলিস্ট' অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০৮/০২/২০১৭ তারিখের সভায় অনুমোদিত হয়।

প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতিমূলক কাজের জন্য অর্থ বরাদ্দ এবং ব্যবস্থাপনা নীতিমালা

১.০ নীতিমালার উদ্দেশ্য :

- ১.১ প্রকল্পের ডিপিপি/টিপিপি অনুমোদনের পূর্বে প্রস্তুতিমূলক কাজ সম্পাদনের জন্য অর্থ বরাদ্দ এবং ব্যবহার সংক্রান্ত দিক-নির্দেশনা প্রদান; এবং
- ১.২ প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতিমূলক কাজের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব প্রেরণ, প্রক্রিয়াকরণ ও অনুমোদন বিষয়ে সুনির্দিষ্ট দিক-নির্দেশনা প্রদান।

২.০ প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতিমূলক কাজ সংক্রান্ত ব্যয়ের খাত :

- ২.১ প্রকল্পের ডিপিপি/টিপিপি অনুমোদনের পূর্বে প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতিমূলক কাজের জন্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অনুকূলে অর্থ বরাদ্দের নিমিত্ত অর্থ বিভাগ 'প্রকল্পের প্রণয়ন ও প্রস্তুতিমূলক কাজ' শীর্ষক একটি উন্নয়ন ব্যয়ের খাত সৃজন করবে;
- ২.২ বর্ণিত উন্নয়নমূলক ব্যয় খাতে অর্থ বিভাগের অনুকূলে অর্থ বছরভিত্তিক বাজেটের সংস্থান করা হবে যা এ নীতিমালার নির্দেশিত পদ্ধতি অনুসরণ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অনুকূলে বরাদ্দ করা হবে।

(২২২৫)

মূল্য : টাকা ১২.০০

৩.০ প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতিমূলক কাজ সংশ্লিষ্ট ব্যয়ের অর্থায়নের ক্ষেত্রসমূহ :

- ৩.১ প্রকল্পের প্রাক সম্ভাব্যতা সমীক্ষা, অর্থনৈতিক সমীক্ষা, কারিগরি সমীক্ষা, পরিবেশগত প্রভাব বিশ্লেষণ (ইআইএ), সামাজিক প্রভাব বিশ্লেষণ (সিআইএ) ইত্যাদি সমীক্ষা বা স্টাডি;
- ৩.২ প্রকল্প খসড়া দলিল (ডিপিপি/টিপিপি) প্রণয়ন;
- ৩.৩ প্রকল্পের জন্য ভূমি প্রয়োজন থাকলে ভূমি অধিগ্রহণ সংক্রান্ত যাবতীয় কাজ, যথা নক্সা প্রণয়ন ও অধিগ্রহণ এবং ভূমি অধিগ্রহণজনিত পুনর্বাসন;
- ৩.৪ পূর্ত কাজের design (ডিজাইন) প্রণয়ন;
- ৩.৫ পণ্য/পূর্ত/সেবা কাজের ব্যয় প্রাক্কলন এবং বিডিং ডকুমেন্ট (bidding document)-এর খসড়া প্রস্তুত। প্রয়োজনে পণ্য/পূর্ত/সেবা কাজের দরপত্র প্রক্রিয়াকরণ থেকে শুরু করে কন্ট্রাক্ট এ্যাওয়ার্ড (contract Award) প্রদানপূর্ব সকল কাজ সম্পাদন;
- ৩.৬ প্রকল্পের ডিপিপি/টিপিপি অনুমোদনপূর্ব অন্তর্বর্তীকালীন প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতি টিমের অফিস পরিচালনা ব্যয়। তবে নতুন জনবল নিয়োগ ও যানবাহন/যন্ত্রপাতি (অর্থাৎ মূলধন আইটেম) সংগ্রহ বাবদ এ তহবিলের অর্থ ব্যবহার করা যাবে না।

৪.০ বরাদ্দ প্রাপ্তির উপযুক্ত প্রতিষ্ঠান বা প্রকল্প :

- ৪.১ প্রতিষ্ঠান : মন্ত্রণালয়/বিভাগ, সরকারি সংস্থা/দপ্তর/পরিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা;
- ৪.২ প্রকল্প : মধ্যমেয়াদী বাজেট কাঠামোতে এবং এডিপি/আরএডিপি-তে বরাদ্দবিহীন অননুমোদিত কারিগরি বা বিনিয়োগ প্রকল্প হিসাবে অন্তর্ভুক্ত।

৫.০ অর্থের বরাদ্দ সীমা :

- ৫.১ ভূমি অধিগ্রহণের ব্যয় ব্যতীত কোন একক প্রকল্পের অন্যান্য প্রস্তুতিমূলক কাজের জন্য সর্বোচ্চ পাঁচ (০৫) কোটি টাকা;
- ৫.২ ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে ভূমির প্রকৃত মূল্য।

৬.০ বরাদ্দকৃত অর্থ ব্যবহারের মেয়াদ :

- ৬.১ প্রস্তুতিমূলক কাজের জন্য বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট অর্থ বছরের মধ্যে ব্যয় করতে হবে;
- ৬.২ বরাদ্দকৃত অর্থ বা অর্থের অংশ বিশেষ অব্যয়িত থাকলে সংশ্লিষ্ট অর্থ বছরের ৩০ জুন এর মধ্যে বিধি মোতাবেক সরকারি কোষাগারে জমা প্রদান/সমর্পণ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা অর্থ বিভাগকে অবহিত করবে। অবশিষ্ট অননুমোদিত অর্থ পরবর্তী অর্থ বছরে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অনুকূলে অর্থ বিভাগ বরাদ্দ ও ছাড় প্রদান করবে।

৭.০ অর্থ বরাদ্দের প্রক্রিয়া ও ব্যবস্থাপনা :

৭.১ বরাদ্দ প্রাপ্তির জন্য আবেদন প্রক্রিয়া :

- ৭.১.১ প্রস্তাবিত মূল প্রকল্পের একটি ধারণাপত্র (concept note)/সারসংক্ষেপ-সহ নির্দিষ্ট হকে প্রস্তুতিমূলক কাজের জন্য বরাদ্দের চাহিদা অর্থ-বিভাগে প্রেরণ করতে হবে;

